# নভেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত শৈলকুপা উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতি : | মোছাঃ শেফালী বেগম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। | স্থান<br>তারিখ<br>সময় | :<br>:<br>: | উপজেলা পরিষদ মিলনায়তন।<br>১১/১১/২০২১ খ্রিঃ।<br>বেলা- ১১.০০ টা। |

উপস্থিতি : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে উপজেলা চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম জানান, বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের হার কমেছে। তারপরও আমাদের সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে ও সাবধান থাকতে হবে। এছাড়াও সরকারের সকল নির্দেশনা মেনে চলতে হবে। অতঃপর আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানালে তিনি সভা পরিচালনা করেন।

<u>পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</u> : গত ১৪/১০/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, এ পর্যন্ত অত্র উপজেলায় ১৪৬২ জন "কোভিড-১৯" এ আক্রান্ত হয়েছে। তন্মধ্যে ১৪১১ জন সুস্থ হয়েছে। বর্তমানে "করোনা ভাইরাস" এর সংক্রমণ নিম্নমুখী। তবে স্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শ মোতাবেক সকলকে সদা সতর্ক থাকতে হবে এবং সরকারের সকল নির্দেশনাসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। ঘরের বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে, সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং বাইরে থেকে ঘরে প্রবেশের আগে অবশ্যই ভালো করে ফেনাযুক্ত সাবান দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। তাছাড়া অক্টোবর ২০২১ মাসে বহিঃ বিভাগে ৯৪৮৬ জন ও জরুরি বিভাগে ২১২০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। সিজারিয়ান রোগীর সংখ্যা ০১ জন এবং নরমাল ডেলিভারী করা হয়েছে ৫৫ জন। সরকারি নিয়ম অনুযায়ী ২০১০৪৫/- টাকা আয় হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) করোনা ভাইরাস প্রতিরোধে সতর্ক থাকতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।<br>খ) এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০২ | <u>উপজেলা প্রকৌশল বিভাগ:</u><br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | ক) লক্ষ্য করা গেছে প্রায়ই উপজেলা প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকেন। এটি আদৌ কাম্য নয়। পরবর্তী প্রতিটি সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| ০৩ | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :</u><br>প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় সাধারণ উন্নয়ন খাতে ১ম কিস্তিতে ২২,৮৪,১৯৪/- টাকা এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় সাধারণ উন্নয়ন খাতে ১ম কিস্তিতে ৯২.৫৯৩৫ মে.টন চাল, ৯২.৫৯৩৫ মে.টন গম এবং নগদ ৪৩,৭৫,৮৩৬/৪৭ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে সকল ইউনিয়ন হতে প্রকল্প পাওয়া গেছে। যাচাই-বাছাই অন্তে প্রকল্পগুলো অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটিতে দ্রুত প্রেরণ করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) প্রাপ্ত প্রকল্পসমূহ বিধি মোতাবেক যাচাই-বাছাই অন্তে দ্রুত জেলা কর্ণধার কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান, প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় চলতি রবি-২০২১-২০২২ মৌসুমে ১৫০০ জন গম চাষীর প্রত্যেককে ২০ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, ১০০০ জন ভুট্টা চাষীর প্রত্যেককে ০২ কেজি বীজ, ২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, ১৫০০ জন সরিষা চাষীর প্রত্যেককে ০১ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার প্রদানসহ বিভিন্ন রবি শস্য চাষের জন্য চাষীদের মাঝে প্রণোদনা প্রদান করা হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের জন্য বিধি মোতাবেক চাষী নির্বাচন করতে হবে এবং যথাযথভাবে বীজ ও সার প্রদান করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও স্ব স্ব ইউপি চেয়ারম্যান। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর:<br>প্রতিনিধি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বার্ড ফ্লুসহ সকল সংক্রামক রোগ ও "ল্যাম্পি স্কিন ডিজিস" নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আরও জানান, অক্টোবর ২০২১ মাসে ২৫৮৭ টি গবাদী পশু ও ১২২০০ টি হাস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। পোষা প্রাণি চিকিৎসা সেবা প্রদান ০১ টি। পশু চিকিৎসা সেবাসহ রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা, কৃত্রিম প্রজনন ও অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজস্ব আয় হয়েছে ৬৮৭২০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা । |
| ০৬ | উপজেলা মৎস্য দপ্তর :<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সরকারি ১১টি জলাশয়ে ২০২১-২০২২ অর্থ বছরে ৭৫৫ কেজি কার্প জাতীয় পোনা অবমুক্ত করা হয়েছে এবং মিনি হ্যাচারী হতে ১৮ কেজি রুই জাতীয় মাছের রেনু বিক্রয় অন্তে বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়াও জাটকা সংরক্ষণের জন্য ০৪টি বাজার পরিদর্শন করা হয়েছে এবং ১৫ জন মৎস্যচাষী/মৎস্যজীবি ও উদ্যোগতাকে পরামর্শ প্রদান করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অক্টোবর ২০২১ মাসে স্থায়ী পদ্ধতি দেয়া হয়েছে ০১ জনকে, দীর্ঘ মেয়াদি পদ্ধতি দেয়া হয়েছে ১৫৬৩ জনকে এবং অস্থায়ী পদ্ধতির জন্য উপকরণ বিতরণ হয়েছে মোট ৩৩৪০৪ পিস। গর্ভবতী মায়ের যত্ন ৭২৯ জন, গর্ভোত্তর মায়ের যত্ন ০৮ জন, প্রসব সেবা ০৮ জন, শিশু পরিচর্যা ১৭২৫ জন এবং ৬০৫০ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) পরিবার পরিকল্পনা সেবায় এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, মুজিববর্ষ উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে গাছ রোপণ ও পরিবেশ সংরক্ষণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে, কৈশরকালীন পুষ্টি কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং শেখ রাসেল দিবস ২০২১ যথাযথভাবে উদযাপন করা হয়েছে। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যানবেইস বার্ষিক শিক্ষা জরিপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা শিক্ষা দপ্তর:<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, প্রাথমিক বিদ্যালয়গুলো খোলার পর স্বাস্থ্যবিধি অনুসরণ করে পিআরএলপি অনুযায়ী পাঠদান চলছে এবং কোন শিক্ষার্থী/শিক্ষক করোনা ভাইরাসে আক্রান্ত হয় নি। এ ছাড়াও তিনি আরও জানান, আগামী বছরের জন্য প্রাথমিক স্তরের নতুন বই আসা শুরু হয়েছে। আগামী বছরের শুরুতেই শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | <u>উপজেলা সমাজসেবা দপ্তর:</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা এবং স্বামী পরিত্যক্তা ও বিধবা ভাতাভোগী নির্বাচনের নিমিত্ত অনলাইনে আবেদন করার সময়সীমা অতিক্রান্ত হয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা ১২৩১৩ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ৬১৫৯ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৫৯৫০ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ২৯৭ জন, হিজরা বয়স্ক ভাতা ০৫ জন, হিজড়া শিক্ষার্থী উপবৃত্তি ০৫ জন, দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের বয়স্ক ভাতা ৯০ জন এবং দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের শিক্ষা উপবৃত্তি ৫৩ জন ব্যক্তিদের মধ্যে নির্ধারিত হারে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ ও প্রতিবন্ধী পরিচয়পত্র বিতরণ এবং বিভিন্ন ভাতাভোগীদের তথ্যাদি লিপিবদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১১ | <u>খাদ্য বিভাগ:</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজেলায় খাদ্য মজুদ পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। তিনি আরও জানান, খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলারদের মাধ্যমে ১০/- টাকা কেজি দরে ফেয়ার প্রাইসের চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং পৌরসভা এলাকায় খোলা বাজারে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এ কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের জন্য বাজার মনিটরিং জোরদার করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ফেয়ার প্রাইস ও খোলা বাজারে চাল বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য বাজার মনিটরিং জোরদার রাখতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১২ | <u>উপজেলা নির্বাচন অফিস:</u><br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, বর্তমানে স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রদান কার্যক্রম চালু রয়েছে। তিনি আরও জানান, অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধন ও রিইস্যু আবেদনপত্রসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে সম্ভাব্য ভোট গ্রহণকারী কর্মকর্তাদের নামের তালিকা সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার ও ইউপি চেয়ারম্যানগণ। |
| ১৩ | <u>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ইউনিয়ন পর্যায়ে ২৩৮২ জন উপকার ভোগীর অনুকূলে অক্টোবর ২০২১ মাসের খাদ্য শস্য ছাড় করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। তাছাড়াও ২০১৯-২০ অর্থ বছরে ৪১০ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় ৭১০ জন ভাতাভোগীর ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২০-২০২১ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা তহবিলের আওতায় ২৭৪ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং ৩৮৬৯ জনকে উন্নত মাতৃত্বকাল ভাতা প্রদান করা হয়েছে। তাছাড়া বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া দাপ্তরিক রুটিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৪ | <u>উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অক্টোবর ২০২১ মাসে আদায়যোগ্য যুব ঋণের পরিমাণ ৩,৫৯,৭০০/- এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৩,১৩,৭০০/- টাকা। কিস্তি খেলাফি থেকে আদায় ৯৫,৫০০/- টাকা। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৯,৩০,০০০/- টাকা। চলতি মাস পর্যন্ত যুব ঋণ বিতরণের পরিমাণ ৯,২০,০০০/- টাকা। তাছাড়াও অক্টোবর ২০২১ মাসে ৬০জন যুবককে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা সমবায় দপ্তর:** উপজেলা সমবায় অফিসার জানান, মোট ৭১টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ৪৭৬৫ জন। অক্টোবর ২০২১ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। এ পর্যন্ত মোট ঋণ বিতরণের পরিমাণ ৬১,৮৯,০০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের পরিমাণ ১২,৭০০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৫২,৮১,৯৭৭/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ১৪,৬০,৫৬৩/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৬ | **উপজেলা রিসোর্স সেন্টার:** ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, অক্টোবর ২০২১ মাসে ২৮টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১৭ | **আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ):** আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো লিঃ) সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)। |
| ১৮ | **পল্লী বিদ্যুৎ বিভাগ:** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। |
| ১৯ | **উপজেলা পরিসংখ্যান দপ্তর:** অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার। |
| ২০ | **ক) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দপ্তর (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(BRDB) জানান, মোট সমিতির সংখ্যা ১১২টি। তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৬৫৭ জন। অক্টোবর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৫১,৪৯,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৩৬,৫২,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩,১৩,৮৮,০০০/- টাকা। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| | **খ) পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক):** প্রকল্প কর্মকর্তা (পজীক) জানান, মোট সমিতির সংখ্যা ১১৭ টি তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৯২০ জন। অক্টোবর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৬,৯৫,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৫,৮১,০০০/- টাকা। এ পর্যন্ত মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৮৫,১০,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রকল্প কর্মকর্তা (পজীক) |
| ২১ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, সমগ্র নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর ও অগভীর নলকূপ এবং কমিউনিটি ভিত্তিক সাবমার্সিবল পাম্পযুক্ত ১৮টি গভীর নলকূপ ও রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমের মাধ্যমে পানি সরবরাহের জন্য পরীক্ষামূলক ০১টি উৎপাদক নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান, পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২২টি নলকূপ, ০১টি উচ্চ জলধারা ও বিভিন্ন ব্যাসের ৩কি.মি. বিতরণ পাইপলাইন ট্রান্সফরমার এবং নিরাপত্তা দেয়ালসহ পাম্প হাউজ এর বরাদ্দ পাওয়া গেছে। তাছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাপ্ত ০৮ টি ওয়াস ব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে। জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় ৪০ টি ওয়াস ব্লক এর মধ্যে ২৫ টির কার্যক্রম শেষ হয়েছে এবং ১৫ টি ওয়াস ব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |

| | | | |
|---|---|---|---|
| ২২ | আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক):<br>শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক) সভায় জানান, এ উপজেলায় মোট সমিতির সংখ্যা ৩৮০টি। যার বিপরীতে সমিতির মোট সদস্য সংখ্যা ১৬২৭৭ জন। অক্টোবর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ১,৫৮,১৭,০০০/- টাকা এবং ঋণ আদায় ১,৬৮,০০,০০০/- টাকা। তাছাড়া এ পর্যন্ত মোট খেলাপির পরিমাণ ৬,৮৯,৭৫,০০০/- টাকা। এ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ১০,৫৩,৬৮,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক । |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে ৫ম পর্যায়ে অত্র উপজেলা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত হয়েছে এবং তিনি প্রকল্পের কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে সভাকে অবহিত করেন।<br>অত:পর উপজেলা নির্বাহী অফিসার সক্ষমতা উন্নয়ন ও অবকাঠামো উন্নয়নকল্পে প্রকল্প আহবান করেন। উপজেলা নির্বাহী অফিসার আরও জানান, যে সকল দপ্তর প্রকল্প দিতে/নিতে ইচ্ছুক সে সকল দপ্তরকে আগামী ১০ দিনের মধ্যে উপজেলা কমিটির সভার মাধ্যমে কার্যপত্রসহ প্রকল্পসমূহ দাখিল করতে হবে। প্রকল্প গ্রহণের বিষয়ে তিনি ইউডিএফকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিধি মোতাবেক প্রকল্প দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| ২৪ | পল্লী দারিদ্র্য বিমোচন দপ্তর:<br>উপজেলা পল্লি দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, ৬৫ টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ১৯৫৬ জন। অক্টোবর ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৩২,৬০,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৩১,১৯,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ২৮,৭৫,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শৈলকুপা। |
| ২৫ | উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র:<br>উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা সভায় জানান, অক্টোবর ২০২১ মাসে নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী সেবা গ্রহীতার সংখ্যা ৫১ এবং নতুন ও পুরাতন সেবা গ্রহীতাদের প্রদত্ত সেবার সংখ্যা ২৩১৪। তিনি আরও জানান প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপের কাজ চলামান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর :<br>প্রতিনিধি, উপজেলা আনসার ভিডিপি অফিস সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠু ও সাভাবিকভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ২৭ | বন বিভাগ:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, বন বিভাগ। |
| ২৮ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন:<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন সভায় জানান, অক্টোবর ২০২১ মাসে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে ০১ টি, সড়ক দুর্ঘটনার সংখ্যা ০১টি এতে আহত হয়েছে ০২ জন এবং মহড়া ও জনসংযোগ করা হয়েছে ০১টি করে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা। |
| ২৯ | পানি উন্নয়ন বোর্ড (ওয়াপদা) :<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। |

| | | | |
|---|---|---|---|
| ৩০ | **ইসলামিক ফাউন্ডেশন:**<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন সভায় জানান, করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সকল মসজিদে মুসল্লিদের অবশ্যই মাস্ক পরে আসতে হবে। তিনি এ ব্যাপারে ইমামগণকে মসজিদে সচেতনতামূলক অলোচনার জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। তিনি আরও জানান, অত্র উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, এজন্য যাওয়া আসার পথে তদারকি করার জন্য সকলকে সভার মাধ্যমে অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩১ | **উপজেলা তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, অক্টোবর ২০২১ মাসে দিগনগর ইউনিয়নের গোপালপুর ও দিগনগর গ্রামে, ধলহরাচন্দ্র ইউনিয়নে নন্দিরগাতি গ্রামে ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের করোনা ভ্যাকসিন নিবন্ধন করা হয়েছে এবং ডায়াবেটিস, প্রেসার ও উচ্চতা পরিমাপসহ ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। তিনি আরও জানান, কাঁচেরকোল ইউনিয়নের জাঙ্গালিয়া গ্রামে ১০০ জন গ্রামীণ মহিলাদের নিয়ে ০২টি উঠান বৈঠক করা হয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা। |
| ৩২ | বিবিধ:<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক ও বাসভবনের নিরাপত্তার স্বার্থে নিয়োজিত আনসার সদস্যদের আবাসন ব্যবস্থার নিমিত্তে আনসার সেড তৈরি করার জন্য স্থান নির্বাচন জরুরি প্রয়োজন। তিনি আরও জানান, উপজেলা পরিষদের পুরাতন ভবন অপসারণের পর খালি জায়গায় সুবিধাজনক স্থানে স্থান নির্বাচনপূর্বক আনসার সেড নির্মাণ করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) আনসার সেড নির্মাণের স্থান নির্বাচনপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা ও প্রাপ্ত নকশা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বিধি মোতাবেক আনসার সেড নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী। |
| | খ) জনাব মোঃ জাহিদুন্নবী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা সভায় জানান, উপজেলা পরিষদভুক্ত ১৭টি কমিটি রয়েছে। পদাধিকারবলে ভাইস চেয়ারম্যানদ্বয় উক্ত কমিটির সভাপতি। প্রতি ২মাস অন্তর ০১টি করে কমিটির সভা অনুষ্ঠানের বিধান রয়েছে। কিন্তু কোন কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয় না, ফলে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কমিটির সভাপতি অবগত হতে পারে না। তিনি নিয়মিত কমিটির সভা অনুষ্ঠানের জন্য স্ব স্ব কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। এছাড়াও তিনি আরও জানান, উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী পরিচালিত হলে কাজের গতি সঞ্চার হবে ও স্বচ্ছতা নিশ্চিত হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিধি মোতাবেক স্ব স্ব বিভাগ নিয়মিত কমিটির সভা অনুষ্ঠান করবে এবং সকল কার্যক্রম উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী পরিচালনা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব স্ব বিভাগীয় প্রধান/কমিটির সদস্য সচিব। |
| | গ) উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>১) অক্টোবর ২০২১ মাসে উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও বাসভবন সংলগ্ন অফিসে ইন্টারনেট সংযোগ = ৩২০০/- টাকা।<br>২) উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অক্টোবর ২০২১ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় =৩০,০০০/-<br>৩) উপজেলা পরিষদ কার্যালয়ের অক্টোবর ২০২১ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা।<br>৪) উপজেলা পরিষদ জীপগাড়ির অক্টোবর ২০২১ মাসের জ্বালানি তেল খরচ বাবদ ব্যয় = ২২১৭১/- টাকা।<br>৫) উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক মজুরি ভিত্তিতে নিযুক্ত মালী ও সুইপারের অক্টোবর/২০২১ মাসে যথাক্রমে (২৫+২৫)= ৫২ দিনের মজুরি বাবদ= ২৭৫০০/- টাকা।<br>৬) উপজেলা পরিষদ জীপগাড়ির সার্ভিসিং বিল পরিশোধ বাবদ ব্যয় ২৭৫৫০/- টাকা।<br>৭) উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য জরুরি প্রয়োজনে প্লাস্টিকের চেয়ার ক্রয় ব্যয় ২২৮২০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | ঘ) সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি সভায় জানান, অত্র উপজেলায় সেচ যন্ত্রের লাইসেন্স প্রাপ্তির জন্য ১৩টি আবেদনপত্র (পরিশিষ্ট-খ মোতাবেক) পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রগুলো সরেজমিনে যাচাই-বাছাই অন্তে যথাযথ পাওয়া গেছে। সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নীতিমালা মোতাবেক আবেদনপত্রগুলো উপজেলা পরিষদ সভায় অনুমোদনের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সেচ যন্ত্রের লাইসেন্স প্রদানের নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই অন্তে আবেদনপত্রগুলো যথাযথ হওয়ায় আবেদনকারী ১৩ জনের নামে লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব উপজেলা সেচ কমিটি। |
| | ঙ) Autism এবং Neurodevelopment Disorder (NDD) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৭.০১.২০১৮ তারিখের ২৬২ নং স্মারকপত্রে, ১৪.০২.২০১৯ এবং ০৩.০৪.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| | চ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিভিন্ন সামাজিক সমস্যা যেমন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ব্যবসায়ী ও সেবনকারী, অবৈধ দখলদার, নদী হতে অবৈধভাবে বালি উত্তোলন এবং সরকারি সম্পত্তি জবর-দখলসহ বিভিন্ন সমস্যার সমাধানকল্পে জনসাধারণ কল সেন্টার ৩৩৩ এর মাধ্যমে প্রতিকার পেতে পারেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | ছ) যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রতি ইউনিয়নের অন্তত একটি গ্রামকে যৌতুকমুক্ত গ্রাম হিসেবে ঘোষণা করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | প্রতিটি ইউনিয়নে অন্তত ১টি গ্রাম যৌতুকমুক্ত ঘোষণা করতে হবে। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেফালী ১১/১১/২০২১

মোছাঃ শেফালী বেগম
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৪.০০১.২০- ১০১৯(৬০)

তারিখ : ০১/১২/২০২১ খ্রিঃ / ১৬/০৮/১৪২৮ বঙ্গাব্দ ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,...............................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা...................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। ........................................................................ ...।

০১/১২/২০২১

কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

নভেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট-ক) :

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিত(√) |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিদুন্নবী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০২ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৩ | জনাব মোঃ সোলায়মান হোসেন | প্যানেল চেয়ারম্যান, ১ নং ত্রিবেনী ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৪ | জনাব মোঃ মাহামুদুল হাসান মামুন | চেয়ারম্যান, ৬নং সারুটিয়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৫ | জনাব মোঃ কামরুজ্জামান জিকু | চেয়ারম্যান, ৭ নং হাকিমপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৬ | জনাব মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, ৮ নং ধলহরাচন্দ্র ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৭ | জনাব মোঃ নজরুল ইসলাম | চেয়ারম্যান, ১০ নং বগুড়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৮ | জনাব সুব্রত বিশ্বাস | প্যানেল চেয়ারম্যান, ১১ নং অবাইপুর ইউপি, শৈলকুপা। | √ |
| ০৯ | জনাব মোঃ ফারুক হোসেন বিশ্বাস | চেয়ারম্যান, ১২ নং নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১০ | জনাব মোঃ সান্দার হোসেন মোল্যা | চেয়ারম্যান, ১৩ নং উমেদপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১১ | জনাব মোঃ তোবারক হোসেন | প্যানেল চেয়ারম্যান, ১৪ নং দুধসর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা | √ |
| ১২ | জনাব মোঃ জামিনুর রহমান | চেয়ারম্যান, ১৫ নং ফুলহরি ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১৩ | ডাঃ মোঃ আজিজুর রহমান | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, শৈলকুপা। | √ |
| ১৪ | জনাব মোঃ আকরাম হোসেন | উপজেলা কৃষি অফিসার, শৈলকুপা। | √ |
| ১৫ | জনাব ডাঃ মোঃ মামুন খান | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শৈলকুপা। | √ |
| ১৬ | জনাব মোঃ তারেক খন্দকার | প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ১৭ | জনাব মোঃ ওয়ালিউর রহমান | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শৈলকুপা। | √ |
| ১৮ | জনাব মোঃ শামীম আহম্মেদ খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ১৯ | জনাব মোঃ মাসুদ আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা। | √ |
| ২০ | জনাব মোঃ কামরুল হাসান | পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শৈলকুপা। | √ |
| ২১ | জনাব মোঃ ওবায়দুর রহমান | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক), শৈলকুপা। | √ |
| ২২ | জনাব রেশমা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা । | √ |
| ২৩ | জনাব মোঃ মুজিবুর রহমান | উপজেলা সমবায় অফিসার, শৈলকুপা। | √ |
| ২৪ | জনাব জুয়েল আহম্মেদ | উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৫ | জনাব মোঃ রাকিবুল ইসলাম | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শৈলকুপা। | √ |
| ২৬ | জনাব মোঃ শামীম শরীফ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), শৈলকুপা। | √ |
| ২৭ | জনাব মোঃ ইসরাইল হোসেন | উপজেলা শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ২৮ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৯ | জনাব মোঃ আসিফ আলম | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শৈলকুপা। | √ |
| ৩০ | জনাব মোঃ হাফিজ আল আসাদ | উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩১ | জনাব কাজী এহতেশামুল হক | ইন্সট্রাক্টর, ইউআরসি, শৈলকুপা। | √ |
| ৩২ | জনাব মোঃ শরিফুল ইসলাম | উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩৩ | জনাব সঞ্জয় কুমার দেবনাথ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শৈলকুপা। | √ |
| ৩৪ | জনাব মোঃ মিজানুর রহমান | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। | √ |
| ৩৫ | জনাব মোঃ কামরুল হাসান | ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন, শৈলকুপা। | √ |
| ৩৬ | জনাব মোঃ হাসান মিয়া | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা। | √ |
| ৩৭ | জনাব রোকেয়া খাতুন | প্রতিনিধি, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শৈলকুপা। | √ |
| ৩৮ | ইন্দিনা কাদির | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩৯ | জনাব উত্তম কুমার সাহা | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, শৈলকুপা। | √ |
| ৪০ | জনাব কামরুন নাহার | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, শৈলকুপা। | √ |
| ৪১ | জনাব মিঠুন বিশ্বাস | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৪২ | এসএম আব্দুল্লাহ আল মামুন | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, ঝিনাইদহ ইউনিট। | √ |
| | অনুপস্থিত | | |
| ০১ | জনাব মোঃ মকবুল হোসেন | চেয়ারম্যান, ২ নং মির্জাপুর ইউপি, শৈলকুপা। | × |
| ০২ | জনাব মোঃ জিল্লুর রহমান তপন | চেয়ারম্যান, ৩ নং দিগনগর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৩ | এ্যাড. মোঃ সালাহ উদ্দিন জোয়ার্দার | চেয়ারম্যান, ৫ নং কাঁচেরকোল ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৪ | জনাব মোস্তফা আরিফ রেজা মন্নু | চেয়ারম্যান, ৯নং মনোহরপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৫ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ফরেস্টার, বন বিভাগ। | × |
| ০৬ | জনাব মোঃ রওশন হাবীব | উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। | × |
| ০৭ | জনাব মুহাম্মদ ওয়ালিউর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, শৈলকুপা। | × |
| ০৮ | রোকাইয়া তানজিলা | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা। | × |
| ০৯ | জনাব মোঃ তৌফিকুজ্জামান | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। | × |
| ১০ | মোঃ আবুল কালাম | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শৈলকুপা। | × |

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন**
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়
ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।
www.badc.gov.bd

"কৃষিই সমৃদ্ধি"

স্মারক নং- ১২২ তারিখঃ ১০/১১/২০২২

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
ও
সভাপতি
উপজেলা সেচ কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

বিষয়ঃ সেচ যন্ত্রের লাইসেন্সের আবেদন তদন্ত পূর্বক তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শৈলকুপা উপজেলার সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক (১৩) টি সরেজমিনে তদন্ত করে সঠিক ও যথাপোযুক্ত হওয়ায় অনুমোদনের জন্য সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য নিম্নোক্ত ছক পূরণ করে করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দপ্তরে প্রেরণ করা হলো।

**সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্রের তালিকাঃ**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম ও পিতার নাম | মৌজার নাম | জেএল নং | খতিয়ান নং | দাগ নং | সেচযন্ত্রের ধরণ | রশিদ নং | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | মোঃ আঃ সবুর<br>পিতাঃ মৃত. চেতন লস্কর | ব্রাহিমপুর | ১৩০ | ১২১৩ | ৩৫২ | অগভীর নলকূপ | ৮৪৩ | ২০০/- | |
| ২ | মোঃ টোকন শেখ<br>পিতঃ মতিয়ার রহমান | বাখরবা | ৫৫ | ৩৭৫২ | ২২৮০ | অগভীর নলকূপ | ৮৬১ | ২০০/- | |
| ৩ | মোঃ সহিদুল ইসলাম<br>পিতাঃ ছয়েদ মোল্লা | পাইকপাড়া | ৭১ | ২৩৫ | ৮২৫ | অগভীর নলকূপ | ৮৫৪ | ২০০/- | |
| ৪ | মোঃ শাহাদৎ হোসেন<br>পিতাঃ জোবান আলী | জালশুকা | ৮৪ | ৩২০ | ২০৫৪ | অগভীর নলকূপ | ৮৪৪ | ২০০/- | |
| ৫ | মোঃ সলেমান ইসলাম<br>পিতাঃ সমছের আলী মন্ডল | দোহারো | ৭৯ | ৮০ | ৩৪৩৯ | অগভীর নলকূপ | ৮৩৭ | ২০০/- | |
| ৬ | মোঃ সোহেল রানা<br>পিতাঃ লিয়াকত আলী মন্ডল | ডাউটিয়া | ৯৬ | ২৭১ | ৯৬৭ | অগভীর নলকূপ | ৮৩৯ | ২০০/- | |
| ৭ | মোঃ মঙ্গল আলী<br>পিতাঃ মোতহার আলী | মৌকুড়ি | ৫৩ | ৮০১ | ২৮০৮ | অগভীর নলকূপ | ৭৯৯ | ২০০/- | |
| ৮ | মোঃ লতিফ মন্ডল<br>পিতাঃ কুরবান মন্ডল | শ্যামপুর | ৫০ | ১৩ | ২৩৪ | অগভীর নলকূপ | ৮৬৫ | ২০০/- | |
| ৯ | মোঃ মিলনুর রহমান<br>পিতাঃ মৃত: শরিফুল ইসলাম | নবগ্রাম | ৫৪ | ১৪১৩ | ৩৩৫২ | অগভীর নলকূপ | ৮৭০ | ২০০/- | |
| ১০ | মোঃ সাজ্জাত<br>পিতাঃ মৃত: আব্দুল ছাত্তার | রাজনগর | ১০ | ২৩ | ১২৬ | অগভীর নলকূপ | ৮৬৯ | ২০০/- | |
| ১১ | মোঃ আব্দুস সামাদ<br>পিতাঃ রফিক বিশ্বাস | ধলহরাচন্দ্র | ৯৩ | ৫১২ | ১৮৭ | অগভীর নলকূপ | ৩৫১ | ২০০/- | |
| ১২ | মোঃ মাসুদুর রহমান<br>পিতাঃ ইয়ার উদ্দিন মন্ডল | সোন্দাহ | ৬৪ | ৪৬ | ৬৮১ | অগভীর নলকূপ | ৮৬৮ | ২০০/- | |
| ১৩ | মোঃ আলেফ বিশ্বাস<br>পিতাঃ জোয়াদ আলী | সিদ্ধি | ৩৩ | ২৩৯ | ৩৪৩ | অগভীর নলকূপ | ৮৫৫ | ২০০/- | |

১০/১১/২২
(এস,এম আব্দুল্লাহ্ আল মামুন)
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।